

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
আরডিএ ভবন, বনলতা বাণিজ্যিক এলাকা
রাজশাহী-৬২০৩

প্রজ্ঞাপন

তারিখঃ ০১ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/১৫ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং ৭৪-আইন/২০২১।—রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৩ নং আইন) এর ধারা ৫৪ তে প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম।—এই প্রবিধানমালা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের প্লট বরাদ্দ প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই প্রবিধানমালায়—

- (ক) ‘আইন’ অর্থ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৩ নং আইন);
- (খ) ‘আবেদনপত্র’ অর্থ প্লট বরাদ্দ প্রাপ্তির জন্য দাখিলকৃত আবেদনপত্র;
- (গ) ‘কর্তৃপক্ষ’ অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
- (ঘ) ‘কমিটি’ অর্থ প্লট বরাদ্দ প্রদানের তালিকা প্রণয়নের জন্য গঠিত কমিটি;
- (ঙ) ‘চেয়ারম্যান’ অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;
- (চ) ‘তপশিল’ অর্থ এই প্রবিধানমালার তপশিল;
- (ছ) ‘প্লট’ অর্থ কর্তৃপক্ষ কর্তৃক আবেদনকারীর নিকট বরাদ্দের উদ্দেশ্যে নির্ধারিত আবাসিক বা বাণিজ্যিক প্লট;

(৮২৭৭)

মূল্য : টাকা ১৬.০০

- (জ) 'প্রসপেক্টাস' অর্থ প্লট বরাদ্দের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত প্রসপেক্টাস;
- (ঝ) 'বরাদ্দ পত্র' অর্থ প্লটের বরাদ্দপত্র;
- (ঞ) 'বরাদ্দ প্রাপক' অর্থ প্লটের কোনো বরাদ্দ প্রাপক বা তাহার কোনো বৈধ উত্তরাধিকারী;
এবং
- (ট) 'বৈধ উত্তরাধিকারী' অর্থ প্রচলিত আইন অনুযায়ী নির্ধারিত উত্তরাধিকারী।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **প্লট বরাদ্দের নিয়মাবলি।**—(১) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কোনো প্রকল্প এলাকায় প্লট বরাদ্দের জন্য প্রয়োজনীয় বিধি-বিধান ও শর্তাবলির উল্লেখ করিয়া কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রসপেক্টাস প্রণয়ন করিবে।

(২) প্লটের বরাদ্দ প্রাপ্তির জন্য ২৫ (পঁচিশ) বৎসর পূর্ণ করিয়াছেন এইরূপ যেকোনো বাংলাদেশি নাগরিক আবেদন করিতে পারিবেন।

(৩) কর্তৃপক্ষ তপশিল-২ এ উল্লিখিত কোটার আনুপাতিক হারে প্লট বরাদ্দ প্রদান করিবে।

৪। **প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি।**—(১) কর্তৃপক্ষ, প্লট বরাদ্দের উদ্দেশ্যে আবেদনপত্র আহ্বান করিয়া বহল প্রচারিত একটি স্থানীয় বাংলা দৈনিক পত্রিকা, একটি জাতীয় বাংলা দৈনিক পত্রিকা, একটি জাতীয় ইংরেজি দৈনিক পত্রিকা, কর্তৃপক্ষের ওয়েবসাইট এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচার করিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত বিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত বিষয়গুলির উল্লেখ থাকিবে, যথা:—

- (ক) প্রকল্পের নাম ও অবস্থান;
- (খ) বরাদ্দযোগ্য প্লটসমূহের সংখ্যা ও আয়তন;
- (গ) আয়তনভেদে প্রতিটি প্লটের মূল্য, কিস্তির পরিমাণ এবং মূল্য পরিশোধের সময়সীমা;
- (ঘ) আবেদনপত্র প্রাপ্তি ও দাখিলের স্থান এবং উহার মূল্য;
- (ঙ) আবেদনপত্রের সহিত প্রদেয় জামানতের পরিমাণ এবং জামানত প্রদানের পদ্ধতি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, ইত্যাদি);
- (চ) আবেদনপত্রের সহিত দাখিলতব্য কাগজাদি;
- (ছ) আবেদনপত্র দাখিলের সময়সীমা; এবং
- (জ) তপশিল-২ অনুযায়ী প্লট বরাদ্দের জন্য সংরক্ষিত কোটা (যদি থাকে)।

(৩) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত বিজ্ঞপ্তিতে কোনো সংশোধনীর প্রয়োজন হইলে বিজ্ঞপ্তিটি যে সকল পত্রিকা এবং ওয়েবসাইটে প্রচার করা হইয়াছিল সেই সকল পত্রিকা এবং ওয়েবসাইটে প্রচার করিতে হইবে।

৫। **আবেদনপত্র দাখিল, ইত্যাদি।**—(১) প্লটের বরাদ্দ প্রাপ্তির জন্য তপশিল-১ এ উল্লিখিত ফরম অনুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) প্রসপেক্টাসে উল্লিখিত মূল্য পরিশোধক্রমে নির্দিষ্ট স্থান হইতে আবেদনপত্র সংগ্রহ করিতে হইবে।

(৩) প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.rda.rajshahidiv.gov.bd) হইতে আবেদনপত্র ডাউনলোড করিয়া, প্রসপেক্টাসে উল্লিখিত শর্তানুযায়ী, উহা পূরণ করতঃ চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, আরডিএ ভবন, বনলতা বাণিজ্যিক এলাকা, রাজশাহী-৬২০৩ বরাবর প্রেরণ করিতে হইবে।

(৪) আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

- (ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত রজিন ছবি;
- (খ) আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ;
- (গ) আবেদনের তারিখের পূর্ববর্তী বৎসরের আয়কর সনদের সত্যায়িত অনুলিপি;
- (ঘ) প্রসপেক্টাসে উল্লিখিত জামানতের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের মূল কপি; এবং
- (ঙ) তপশিল-৩ এর নমুনা অনুযায়ী তিনশত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প সম্পাদিত হলফনামা।

(৫) প্রবাসী আবেদনকারীদের ক্ষেত্রে উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত কাগজাদির অতিরিক্ত হিসাবে হলফনামার ইংরেজিতে অনুবাদ করা কপি দাখিল করিতে হইবে।

(৬) প্রবাসী বাংলাদেশিগণ নিজস্ব ব্যাংক অ্যাকাউন্ট হইতে প্রসপেক্টাসে উল্লিখিত হিসাব নম্বরে মূল্য প্রদানপূর্বক আবেদন করিতে পারিবেন।

(৭) প্রসপেক্টাসে উল্লিখিত স্থানে আবেদনপত্র জমা প্রদান করিতে হইবে।

(৮) কোনো আবেদনকারী তাহার নিজ নামে অথবা তাহার স্ত্রী/স্বামী বা নির্ভরশীল পুত্র বা কন্যা বা পোষ্যের নামে অথবা বেনামে সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা অথবা কর্তৃপক্ষের কোনো প্রকল্প হইতে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় কোনো প্লট, অ্যাপার্টমেন্ট বা ফ্ল্যাট পাইয়া থাকিলে তিনি এই প্রবিধানমালার অধীন প্লট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন না।

৬। **আবেদনপত্র বাছাই, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ এক বা একাধিক রেজিস্টারে সকল আবেদনকারীর নাম, ঠিকানা, আবেদনকৃত প্লটের আয়তন, জামানতের টাকাসহ প্রয়োজনে অন্যান্য মৌলিক তথ্যাদি লিপিবদ্ধ করিয়া সংরক্ষণ করিবে।

(২) কর্তৃপক্ষ আবেদনপত্র যাচাই-বাছাইয়ের কাজ আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ হইতে অনধিক এক বৎসরের মধ্যে সম্পন্ন করিবে।

(৩) কর্তৃপক্ষ ভুল, অসম্পূর্ণ বা অসত্য তথ্য সম্বলিত বা এই প্রবিধানমালা অনুযায়ী দাখিল করা হয় নাই এইরূপ আবেদনপত্র সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক বাতিল করিবে এবং বাতিলকরণের বিষয়টি রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা উহাতে স্বাক্ষর প্রদান করিবেন।

৭। কমিটি—(১) প্লট বরাদ্দের তালিকা প্রণয়নের উদ্দেশ্যে কর্তৃপক্ষ নিম্নরূপে একটি কমিটি গঠন করিবে, যথা:—

- (ক) চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, যিনি উহার আহ্বায়কও হইবেন;
- (খ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের একজন সার্বক্ষণিক সদস্য;
- (গ) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
- (ঘ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী;
- (ঙ) কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী;
- (চ) কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার প্রধান নগর পরিকল্পক/নগর পরিকল্পক; এবং
- (ছ) এস্টেট অফিসার, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) আহ্বায়ক কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে সদস্য-সচিব কমিটির সভা আহ্বান করিবেন।

(৩) কমিটি প্রসপেক্টাস এবং এই প্রবিধানের বিধান অনুসারে প্লট বরাদ্দের উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যাবলি সম্পাদন করিবে।

(৪) এই প্রবিধানের অধীন দায়িত্ব পালনের জন্য কর্তৃপক্ষ কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে।

৮। আবাসিক প্লট বরাদ্দের পদ্ধতি—(১) কমিটি আবেদনসমূহ বাছাই করিয়া প্লটের সংখ্যা বিবেচনায় লইয়া বরাদ্দযোগ্য আবেদনকারীর নামের তালিকা এবং বরাদ্দযোগ্য আবেদনকারীর অপেক্ষমান তালিকা প্রণয়নক্রমে উহা কর্তৃপক্ষের সভায় উপস্থাপন করিবে।

(২) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) এর অধীন উহার সভায় উপস্থাপিত তালিকা বিবেচনাক্রমে উক্ত তালিকা অনুমোদন বা কারণ লিপিবদ্ধ করিয়া উহা সংশোধন করিতে পারিবে।

(৩) সংশ্লিষ্ট প্লট বরাদ্দের বিজ্ঞপ্তিটি যে সকল পত্রিকা ও ওয়েবসাইটে প্রচার করা হইয়াছিল সেই সকল পত্রিকা ও ওয়েবসাইটে উপ-প্রবিধান (২) অনুসারে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত প্রচার করিতে হইবে।

(৪) প্লট বরাদ্দ সংক্রান্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তের ক্ষেত্রে কোনো আবেদনকারীর আপত্তি থাকিলে উপ-প্রবিধান (৩) অনুসারে উহা প্রচারিত হইবার ত্রিশ দিনের মধ্যে সুনির্দিষ্ট তথ্যসহ কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৫) উপ-প্রবিধান (৪) অনুসারে কোনো আবেদন পাইবার পর কর্তৃপক্ষ কমিটির নিকট হইতে তৎসম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করিয়া আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৬) কোনো আবেদনকারী প্লটের বরাদ্দ গ্রহণে অস্বীকৃতি জানাইলে তাহার স্থলে একই শ্রেণিভুক্ত আবেদনকারীর অপেক্ষমান তালিকার ক্রমানুসারে অপর কোনো ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করিয়া তাহার অনুকূলে বরাদ্দযোগ্য প্লটের নম্বর ও জমির পরিমাণ উল্লেখ করিয়া কমিটি বিষয়টি অনুমোদনের জন্য কর্তৃপক্ষের সভায় উপস্থাপন করিবে।

(৭) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত অপেক্ষমান তালিকায় কোনো ব্যক্তির নাম অন্তর্ভুক্ত থাকিবার কারণে তিনি প্লটের বরাদ্দ দাবি করিতে পারিবেন না।

৯। **বাণিজ্যিক প্লট বরাদ্দের পদ্ধতি।**—উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে বাণিজ্যিক প্লট বরাদ্দ প্রদান করা হইবে।

১০। **প্লটের বরাদ্দপত্র।**—(১) চূড়ান্তভাবে প্লটের বরাদ্দপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তির নামে তাহার বর্তমান ও স্থায়ী ঠিকানায় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্লটের বরাদ্দপত্র রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করিবে।

(২) প্লটের বরাদ্দপত্রে সংশ্লিষ্ট প্লটের লে-আউট, নম্বর, আয়তন, মূল্য, কিস্তির সংখ্যা, কিস্তি পরিশোধের সর্বশেষ সময়সীমাসহ সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলি উল্লেখ থাকিবে।

১১। **প্লটের মূল্য পরিশোধ।**—(১) প্লটের মূল্য বরাদ্দপত্রের শর্ত অনুসারে এককালীন বা নির্ধারিত সংখ্যক কিস্তিতে চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(২) প্লটের মূল্য বাবদ প্রদেয় প্রতিটি কিস্তি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে পরিশোধযোগ্য হইবে।

(৩) প্রথম কিস্তি পরিশোধের জন্য নির্ধারিত তারিখে বরাদ্দ প্রাপক বিনা সুদে একাধিক কিস্তির টাকা পরিশোধ বা প্লটের সমুদয় মূল্য পরিশোধ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, প্লটের বরাদ্দপত্র অনুসারে প্রথম কিস্তির পরবর্তী যে কোনো কিস্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট কিস্তির টাকা পরিশোধের ক্ষেত্রে প্লটের বরাদ্দ প্রাপককে সুদ প্রদান করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, উক্ত কিস্তির সাথে পরবর্তী এক বা একাধিক কিস্তি সুদবিহীন অগ্রিম পরিশোধ করা যাইবে।

(৪) বরাদ্দ প্রাপক প্রথম কিস্তি প্রদানের জন্য নির্ধারিত তারিখের মধ্যে কিস্তির টাকা পরিশোধ করিতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ উক্ত প্লটের বরাদ্দপত্র বাতিল করিতে পারিবে।

(৫) প্লটের কোনো বরাদ্দ প্রাপক প্রথম কিস্তির টাকা পরিশোধের পর অন্যান্য কিস্তির টাকা বরাদ্দ পত্রের নির্ধারিত সময়ে পরিশোধ করিতে ব্যর্থ হইলে উক্ত নির্ধারিত সময় অতিক্রান্তের পরবর্তী ৩ (তিন) মাস পর্যন্ত কিস্তির টাকার উপর ১৩ (তেরো) শতাংশ হারে সুদসহ উহা পরিশোধ করা যাইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এ উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হইলে উক্ত অতিক্রান্ত সময়ের পরবর্তী ৬ (ছয়) মাস পর্যন্ত ১৬ (ষোলো) শতাংশ হারে সুদসহ উক্ত কিস্তির টাকা পরিশোধ করা যাইবে।

(৭) প্লটের কোনো বরাদ্দ প্রাপক প্রথম কিস্তির টাকা পরিশোধের পর পরবর্তী কোনো কিস্তির টাকা নির্ধারিত তারিখের পর ৬ (ছয়) মাস পর্যন্ত পরিশোধ না করিলে তাকে প্লটের বরাদ্দ কেন বাতিল করা হইবে না তাহার কারণ দর্শানো যাইবে।

(৮) উপ-প্রবিধান (৭) অনুযায়ী কোনো প্লটের বরাদ্দ প্রাপককে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক হইলে তাকে উক্ত কিস্তির টাকা পরিশোধের জন্য ১২ (বারো) মাস পর্যন্ত ১৮ (আঠারো) শতাংশ হারে সুদসহ এবং পরবর্তীতে একই পদ্ধতিতে ৫ (পাঁচ) বৎসরের জন্য ২১ (একুশ) শতাংশ হারে সুদসহ কিস্তির টাকা পরিশোধের সুযোগ প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, যুক্তিসঙ্গত কারণ বিবেচনায় কর্তৃপক্ষ প্লটের অনাদায়ী কিস্তি ও সুদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৯) উপ-প্রবিধান (৭) অনুসারে প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হইলে বা উপ-প্রবিধান (৮) এ উল্লিখিত পদ্ধতি অনুসরণের পরও কোনো প্লটের বরাদ্দ প্রাপক প্লটের মূল্য বাবদ কিস্তি পরিশোধ করিতে না পারিলে কর্তৃপক্ষ প্লটের বরাদ্দ বাতিল করিতে পারিবে।

(১০) কোনো প্লটের বরাদ্দ বাতিল হইলে উক্ত প্লটের জন্য জামানত হিসাবে জমাকৃত টাকা কর্তৃপক্ষের তহবিলের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

(১১) প্লটের বরাদ্দ বাতিল হইলে জামানত ব্যতীত পরিশোধিত কিস্তির টাকা সুদ কর্তন করিয়া প্লটের বরাদ্দ প্রাপক বা তাহার বৈধ উত্তরাধিকারীগণের নিকট কর্তৃপক্ষ ফেরত প্রদান করিবে।

(১২) প্লটের মূল্য বাবদ পরিশোধিতব্য সর্বশেষ কিস্তির সহিত জামানতের টাকা সমন্বয় করিতে হইবে।

(১৩) প্লটের বরাদ্দ পত্রে উল্লিখিত প্রথম কিস্তির টাকা পরিশোধের নির্ধারিত তারিখের পূর্বে উক্ত প্লটের বরাদ্দ গ্রহণে অনিচ্ছুক ব্যক্তিকে বা যাহার আবেদন বাতিল হইয়াছে তাকে বা তাহার নিকট হইতে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে কর্তৃপক্ষ জামানতের টাকা ফেরত প্রদান করিবে।

১২। **বরাদ্দ প্রত্যর্পণ।**—(১) বরাদ্দ প্রাপক লিজ দলিল সম্পাদনের পূর্বে কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে প্লটের বরাদ্দ প্রত্যর্পণ করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো প্লটের বরাদ্দ প্রত্যর্পণ করা হইলে কর্তৃপক্ষ উক্ত প্লটের বরাদ্দ বাতিল করিবে এবং একই শ্রেণিভুক্ত প্লট বরাদ্দের অপেক্ষমান তালিকা হইতে বরাদ্দ প্রত্যাশী কোনো ব্যক্তিকে সংশ্লিষ্ট প্লটটি বরাদ্দ প্রদান করিবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন কোনো প্লটের বরাদ্দ বাতিল হইলে উক্ত প্লটের বরাদ্দ প্রাপকের জামানতের অর্থ কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত হইবে এবং পরিশোধিত কিস্তির টাকা, যদি থাকে, এর ৫ (পাঁচ) শতাংশ কর্তন করিয়া অবশিষ্ট টাকা প্লটের বরাদ্দ প্রাপককে বা, ক্ষেত্রমত, তাহার বৈধ উত্তরাধিকারীগণকে কর্তৃপক্ষ ফেরত প্রদান করিবে।

১৩। **বরাদ্দ প্রাপকের বৈধ উত্তরাধিকারীগণকে বরাদ্দ প্রদান।**—(১) আবেদনপত্র দাখিলের পর এবং লিজ দলিল সম্পাদনের পূর্বে কোনো বরাদ্দ প্রাপকের মৃত্যু হইলে তাহার বৈধ উত্তরাধিকারীর লিখিত আবেদনক্রমে, তাকে সংশ্লিষ্ট প্লট বরাদ্দ প্রদান করা হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত আবেদনপত্রের সহিত বরাদ্দ প্রাপকের মৃত্যুর সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত উত্তরাধিকার সনদ এবং হলফনামা দাখিল করিতে হইবে।

(৩) কোনো বৈধ উত্তরাধিকারী নাবালক হইলে তাহার পক্ষে তাহার অভিভাবক হলফনামা সম্পাদন করিবে।

(৪) কোনো বৈধ উত্তরাধিকারী উপ-প্রবিধান (২) এ উল্লিখিত হলফনামা দাখিল না করিলে তাহার আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। **লিজ দলিল সম্পাদন ও দখল হস্তান্তর।**—(১) প্লটের মূল্য বাবদ সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী প্লটের বরাদ্দ প্রাপক বরাবর প্লটের লিজ দলিল সম্পাদন করিবে।

(২) লিজ দলিল সম্পাদনের পর কর্তৃপক্ষ যথাশীঘ্র সম্ভব লিজ গ্রহীতাকে প্লটের দখল লিখিতভাবে হস্তান্তর করিবে।

(৩) লিজ দলিলের মেয়াদ হইবে ৯৯ (নিরানব্বই) বৎসর:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে উহা নবায়ন করা যাইবে।

(৪) লিজ দলিলের স্ট্যাম্প, ট্যাক্স এবং রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল অর্থ বরাদ্দ প্রাপক পরিশোধ করিবে।

(৫) লিজ দলিল নবায়নের জন্য লিজ গ্রহীতাকে কোনো মূল্য প্রদান করিতে হইবে না।

১৫। **প্লটে ইমারত নির্মাণ।**—(১) লিজ গ্রহীতাকে প্লটের দখল গ্রহণের তারিখ হইতে অন্যান্য পাঁচ বৎসরের মধ্যে অনুমোদিত নকশা অনুসারে প্লটে অবকাঠামো নির্মাণ করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ নির্ধারিত সময়ের মধ্যে কোনো লিজ গ্রহীতা যৌক্তিক কারণে প্লটে অবকাঠামো নির্মাণ করিতে না পারিলে উক্ত সময় অতিবাহিত হইবার পূর্বে, কারণ উল্লেখপূর্বক, প্রসপেক্টাসে উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে, উক্ত সময় বৃদ্ধির জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে।

(৩) কোনো প্লট গ্রহীতা উপ-প্রবিধান (১) এ উল্লিখিত সময়ের মধ্যে, বর্ধিত সময়সহ, প্লটে অবকাঠামো নির্মাণ করিতে না পারিলে কর্তৃপক্ষ উক্ত প্লটের লিজ বাতিল করিতে পারিবে।

১৬। **নির্দেশনা প্রদানে সরকারের ক্ষমতা।**—(১) এই প্রবিধানমালার অধীন প্লট বরাদ্দ কার্যক্রমে কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে সরকার উক্ত অনিয়ম দূরীকরণের জন্য কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালন করিতে কর্তৃপক্ষ বাধ্য থাকিবে।

(৩) উপ-প্রবিধান (১) অনুযায়ী সরকার কর্তৃক প্রদত্ত কোনো নির্দেশনা কর্তৃপক্ষ প্রতিপালন না করিলে সরকার উক্ত প্লট বরাদ্দ কার্যক্রম বাতিল করিতে পারিবে।

১৭। **রহিতকরণ।**—(১) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ১৩ এপ্রিল, ২০০৮ তারিখের প্রজ্ঞাপন নং রাউক/১৪৮৮/বৈষ/৩০৩ মূলে জারীকৃত রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আবাসিক/বাণিজ্যিক প্লট বরাদ্দ প্রবিধানমালা, ২০০৭ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত রহিত প্রবিধানমালার অধীন নিষ্পন্নধীন কার্যাদি, যতদূর সম্ভব, এই প্রবিধানমালার অধীন নিষ্পন্ন করা যাইবে।

মোঃ আনওয়ার হোসেন (অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজশাহী।

তপশিল-১
প্লট বরাদ্দের আবেদনপত্র
[প্রবিধান ৫(১) দ্রষ্টব্য]

আবেদন পত্রের ক্রমিক নম্বর

আবেদনপত্র

দুই কপি পাসপোর্ট সাইজের ছবি এক কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগাইতে হইবে।

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) :

বাংলায়.....

ইংরেজিতে (ক্যাপিটাল লেটারে).....

২। পিতা/স্বামীর নাম:.....

৩। মাতার নাম:.....

৪। আবেদনকারীর জন্ম তারিখ:.....

৫। আবেদনকারীর বয়স (বয়সের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে):.....

৬। বর্তমান ঠিকানা:.....

টেলিফোন নম্বর (যদি থাকে)..... মোবাইল:.....

৭। স্থায়ী ঠিকানা:.....

৮। জাতীয় পরিচয়পত্র নং.....

৯। পেশার বিবরণ:

(ক) অফিস/সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের নাম:

(খ) চাকরিজীবী হইলে ১। পদের নাম:

২। বেতন স্কেল:

৩। বর্তমান মূল বেতন:

৪। চাকরিতে যোগদানের তারিখ:

৫। চাকরির মেয়াদকাল:

(গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরন:

(ঘ) মোট বার্ষিক আয়:

(আয়ের সপক্ষে প্রমাণপত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

১০। টি.আই.এন. নম্বর (যদি থাকে) :.....

১১। যে আয়তনের প্লটের জন্য আবেদন করিতে ইচ্ছুক:.....

১২। (ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর:..... তারিখ:.....

(মূল রশিদ সংযুক্ত করিতে হইবে)

(খ) চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং.....

টাকার পরিমাণ..... তারিখ:..... ব্যাংকের

নাম..... শাখা.....

(গ) বৈদেশিক কোটায় আবেদনকারীর ক্ষেত্রে-----হিসাব নম্বরে

টাকা জমার বিবরণ:.....(প্রমাণক হিসাবে মূল কপি

সংযুক্ত করিতে হইবে)

১৩। যে কোটায় প্লট পাইতে আগ্রহী:.....(কোনো প্রকার কাটাছেড়া/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাইবে না)

১৪। হলফনামার তারিখ:.....

১৫। আবেদনকারীর (নিজ নামে) অনলাইন ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে).....

ব্যাংকের নাম:..... শাখা.....

রাউটিং নম্বর.....। (জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে)

আমি ঘোষণা করিতেছি যে, আমার উপরোক্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

.....
(আবেদনকারীর স্বাক্ষর)

তপশিল-২

প্লট বরাদ্দের কোটা
[প্রবিধান ৩(৩), ৪(২)(জ) দ্রষ্টব্য]

ক্রমিক	শ্রেণি	কোটার হার	প্লটের সংখ্যা
(ক)	সরকারি কর্মচারী	২৫%	
(খ)	সরকারি অবসরপ্রাপ্ত কর্মচারী	৩%	
(গ)	আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারী	৮%	
(ঘ)	আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত কর্মচারী	২%	
(ঙ)	বেসরকারি প্রতিষ্ঠানের চাকরিরত কর্মচারী	৪%	
(চ)	বিদেশে কর্মরত ব্যক্তি	৪%	
(ছ)	মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পরিবার/বীরঞ্জনা	৫%	
(জ)	ব্যবসায়ী/শিল্পপতি	৭%	
(ঝ)	কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প এলাকার অধিগ্রহণকৃত ক্ষতিগ্রস্ত লোকজন	১০%	
(ঞ)	বিশেষ পেশাজীবী (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী, কৃষিবিদ, ক্রীড়া ব্যক্তিত্ব, ইত্যাদি)	১১%	
(ট)	সংরক্ষিত কোটা	৮%	
(ঠ)	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের চাকরিরত কর্মচারী	২%	
(ড)	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চাকরিরত কর্মচারী	৩%	
(ঢ)	অন্যান্য ('ক' হতে 'ড' ক্যাটাগরিভুক্ত নয় এমন আবেদনকারী)	৮%	
	সর্বমোট=	১০০%টি

তপশিল-৩

[প্রবিধান ৫(৪)(ঙ) দ্রষ্টব্য]

৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে
হলফ নামার নমুনা

১ কপি ছবি

আমি:.....

পিতা/স্বামী:.....

মাতা:.....

জন্ম তারিখ:.....

----- খ্রিষ্টাব্দ তারিখে বয়স:..... বছর..... মাস..... দিন.....

পেশা:.....

বর্তমান ঠিকানা:.....

স্থায়ী ঠিকানা:.....

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের বিশেষ প্রয়োজন। আমি আরও অঙ্গীকার করিতেছি যে, আমার নিজ নামে বা রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকার মধ্যে ইতঃপূর্বে অন্য কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হইতে এবং কর্তৃপক্ষের অন্য কোনো প্রকল্পের কোনো আবাসিক প্লট বা অ্যাপার্টমেন্ট বা ফ্ল্যাট বরাদ্দ করা হয় নাই।

আমি আরও অঙ্গীকার করিতেছি যে, প্রসপেক্টাসে বর্ণিত সকল শর্তসমূহ সুস্থ মস্তিষ্কে সম্পূর্ণরূপে অবগত হইয়াছি এবং উক্ত শর্তসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিব।

উপরি-উক্ত ঘোষণা সত্য ও নির্ভুল।

.....
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছেন।
আমি তাহার পরিচয়দানকারী।

.....
অ্যাডভোকেট

.....
নোটারী পাবলিক/প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আদেশক্রমে,